

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৪৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৭. দিতীয় অনুচ্ছেদ - সাক্ষাৎ ত্যাগ, সম্পর্কচ্ছেদ ও দোষাম্বেষণে নিষেধাজ্ঞা

### আরবী

وَعن ابِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «حُسْنُ الظَّنِّ مِنْ حسْنِ العِبادةِ». رَوَاهُ أَحْمد وَأَبُو دَاوُد

#### বাংলা

৫০৪৮-[২২] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ভালো চিন্তা ও উত্তম ধারণা করাও 'ইবাদাত। (আহমাদ ও আবৃ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪৯৯৩, য'ঈফাহ্ ৩১৫০, য'ঈফ আত্ তারগীব ১৯২৪, য'ঈফুল জামি' ২৭১৯৬, আহমাদ ১০৩৬৪, শু'আবুল ঈমান ১০১৮।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ এর সনদে "শুতায়র (شتير) বা সুমায়র (سمير) ইবনু নাহার (نهار)" নামে একজন বর্ণনাকারী আছে। ইমাম যাহাবী (রহিমাহল্লাহ) বলেছেনঃ নুকরাহ্ (نكرة) বা তার মধ্যে অপছন্দ বিষয় আছে। দেখুন- হিদায়াতুর রুওয়াত ৪/৪৫৩ পুঃ।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (حُسْنُ الظَّنّ) অর্থাৎ মহান আল্লাহ ও মুসলিমদের ব্যাপারে উত্তম ধারণা পোষণ করা।

(مِنْ حَسْن العِبادةِ) অর্থাৎ এটা এক প্রকারের 'ইবাদাত, যা মহান আল্লাহর নিকটবর্তী করে দেয়।

হাদীসটির বাস্তবিক শিক্ষা : সুধারণা পোষণ করা এক প্রকার উত্তম 'ইবাদাত। যেমনিভাবে মন্দ ধারণা পোষণ করা এক প্রকার পাপ।



এক ব্যাপারে মহান আল্লাহ বলেন, إِنَّ بَعْضَ الظَّنِ 'নিশ্চয় কতক ধারণা পোষণ করলে পাপ হয়"- (সূরাহ্ আল হজুরা-ত ৪৯ : ১২)। অর্থাৎ কতক ধারণা ভালো, যা 'ইবাদাতের অন্তর্ভুক্ত। 'আস সিরাজুম মুনীর' কিতাবে অনুরূপ বলা হয়েছে। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৯৮৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন